বাংলাদেশ টেলিকমিউনিকেশন্‌স কোম্পানি লিমিটেড

Virtual Private Network (VPN) সংযোগ চুক্তিনামা

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্‌স কোম্পানি লিমিটেড (অতঃপর কোম্পানি বলিয়া উল্লেখিত)------------------------------------(১ম পক্ষ)

এবং

Virtual Private Network সংযোগ প্রার্থী/সংস্থা/প্রতিষ্ঠানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি (অতঃপর গ্রাহক বলিয়া উল্লেখিত) জনাব/বেগম --- পিতা/স্বামী/পদবী (কোম্পানি নামসহ) -- স্থায়ী ঠিকানা (সংস্থার/কোম্পানির ক্ষেত্রে পদবী ও সংস্থার/কোম্পানির নামসহ) -- বর্তমান ঠিকানা -----------------------------------(২য় পক্ষ)।

১ম পক্ষ এবং ২য় পক্ষের সম্মতিক্রমে অদ্য ------------- বাং-------------ইং অত্র চুক্তি সম্পাদিত হইল। উভয়পক্ষ এই চুক্তির আওতায় নিম্নলিখিত শর্তাবলী মানিয়া চলিতে বাধ্য থাকিবে ঃ

১। সার্ভিসের বর্ণনা ঃ

১.১ এই চুক্তির আওতায় কোম্পানি সবচাইতে নিকটবর্তী ডাটা নোড হইতে গ্রাহককে **VPN** সংযোগ প্রদান করিবে। কোম্পানি নিম্নবর্নিত স্থানে **VPN** সংযোগ প্রদান করিবে এবং গ্রাহক কোম্পানি কর্তৃক ধার্যকতৃ চার্জ/ফিস/বিল প্রদান করিতে বাধ্য থাকিবেন।

ক) টেলিযোগাযোগ অঞ্চল ....

খ) **VPN** সংযোগের ঠিকানা ঃ ....

২। সার্ভিসের চার্জ ঃ

২.১ গ্রাহক ডিমান্ড নোটে বর্নিত নির্ধারিত এককালীন সংযোগ / সামগ্রীক সংযোগ ফি এবং অগ্রীম ভাড়া ছাড়াও নির্ধারিত সময় পর পর সংযোগের ভাড়া অগ্রীম প্রদান করিবেন। তবে ট্যারিফ রেট প্রয়োজনে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনসাপেক্ষে কোম্পানি কর্তৃক সংশোধিত হইতে পারে। সেই ক্ষেত্রে কোম্পানি অনুন্য ১ (এক) মাস পূর্বে গ্রাহকদেরকে অবহিত করিবে।

৩। গ্রাহকের দায়বদ্ধতা (Liability) ঃ

৩.১ গ্রাহক কোম্পানির প্রাপ্য চার্জ/ভাড়া নির্ধারিত সময়ে কোম্পানিকে পরিশোধ করিবেন।

৩.২ প্রদত্ত VPN সংযোগের মাধ্যমে শুধুমাত্র ডাটা ট্রান্সমিশন এবং রিসেপশন করা যাইবে। কোনক্রমেই ভয়েস ট্রান্সমিশনের জন্য এই সংযোগ ব্যবহার করা যাইবে না।

৩.৩ প্রদত্ত সংযোগের মাধ্যমে অন্য কোন গ্রাহককে ক্ষতিগ্রস্থ করা বা হয়রানি করা যাইবে না। এইরুপ যে কোন ধরনের অপব্যবহারের জন্য গ্রাহক নিজে দায়ী থাকিবেন। এই জাতীয় অভিযোগ প্রাপ্ত বা প্রমানিত হইলে Telegraph Act ১৮৮৫ (XIII of ১৮৮৫) এবং অথবা টেলিযোগাযোগ আইন ২০০১ এর প্রযোজ্য বিধান মোতাবেক কোম্পানি প্রদত্ত VPN সংযোগ প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করে।

৩.৪ প্রদত্ত VPN সংযোগটির এক্সচেঞ্জ প্রান্তের সকল প্রকার সরঞ্জামাদির মালিক কোম্পানি । গ্রাহক প্রান্তের সকল হার্ডওয়ার গ্রাহক নিজ খরচে ব্যবস্থা করিবেন। গ্রাহকের সুবিধার কথা বিবেচনা করিয়া কোম্পানি প্রয়োজনে গ্রাহক প্রান্তের Terminal Accessories ভাড়া প্রদানের

ব্যবস্থা করিতে পারিবে। অবৈধ হস্তান্তর ও ব্যবহারের কারনে সংযোগ বিচ্ছিন্ন করার অধিকার কোম্পানি সংরক্ষণ করে এবং এই ক্ষেত্রে Telegraph Act ১৮৮৫ (XIII of ১৮৮৫) অথবা টেলিযোগাযোগ আইন ২০০১ এর প্রযোজ্য বিধান মোতাবেক কোম্পানি ব্যবস্থা গ্রহন করিবে।

৩.৫ সংযোগটি স্থাপন করিবার পূর্বে গ্রাহক লিখিত নোটিশ দ্বারা তাহার সংযোগ প্রত্যাহার করিতে পারিবেন । বিদ্যমান সংযোগ বিচ্ছিন্নের জন্য অন্ততঃ ১ (এক) মাস পূর্বে নোটিশ প্রদান করিবেন। যথাসময়ে নোটিশ প্রদান না করিলে নোটিশ প্রাপ্তির তারিখ হইতে ১ (এক) মাসের ভাড়া আদায়যোগ্য হইবে।

৩.৬ বাংলাদেশ সরকারের নির্ধারিত প্রতিষ্ঠান হইতে ইস্যুকৃত প্রয়োজনীয় লাইসেন্সধারী প্রতিষ্ঠান ব্যতীত অন্য কেহ প্রদত্ত VPN সংযোগটির মাধ্যমে প্রদত্ত সার্ভিস আংশিক/পুরোপুরিভাবে লিজ /রিসেইল হিসাবে অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রদান করিতে পারিবেন না।

৩.৭ সংযোগ স্থাপনের তারিখ হইতে এই চুক্তিনামা কার্যকর হইবে এবং গ্রাহক/কোম্পানি কর্তৃক সংযোগ স্থায়ীভাবে সমর্পণ/বিচ্ছিন্ন না করা পর্যন্ত বলবৎ থাকিবে।

৩.৮ সংযোগ স্থাপনের পর গ্রাহক তাহা ব্যবহার করুন আর নাই করুন তাহাকে নির্ধারিত হারে ভাড়া পরিশোধ করিতে হইবে।

৩.৯ প্রদত্ত VPN সংযোগের যথাযথ ব্যবহারের জন্য গ্রাহক ব্যক্তিগতভাবে দায়ী থাকিবেন এবং গ্রাহকের অনুপস্থিতিতে বা অজান্তে যদি কোন ব্যক্তি উক্ত সংযোগ ব্যবহার করেন, তবে তাহার দায়-দায়িত্ব গ্রাহকের উপরই বর্তায়বে ।

৩.১০ কোম্পানি প্রদত্ত VPN সংযোগ সুষ্ঠুভাবে চালু রাখিবে এবং ইহার জন্য গ্রাহক কোম্পানি সর্বপ্রকার ন্যায়সঙ্গত সহযোগিতা প্রদান করিবেন।

৩.১১ গ্রাহক এই চুক্তির মেয়াদকালে বাংলাদেশ সরকার বা কোম্পানি কর্তৃক প্রনীত এবং ভবিষ্যতে যে কোন সময়ে সংশোধিত বা পরিবর্তিত সকল নিয়মাবলী ও বিধিসমুহ মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

৩.১২ গ্রাহক নির্দিষ্ট সময়ের মধ্যে তাহার নিকট প্রেরিত বিলের টাকা পরিশোধ না করিলে খেলাপী গ্রাহক হইতে টাকা আদায়ের ক্ষেত্রে প্রযোজ্য আইনের সংশ্লিষ্ট ধারাসমুহ প্রয়োগ করা হইবে এবং সংশ্লিষ্ট ধারা অনুযায়ী কোম্পানি আইনানুগ ব্যবস্থা গ্রহনের অধিকার সংরক্ষন করে।

৩.১৩ যথাযথ কর্তপক্ষের অনুমোদন লইয়া কোম্পানি যে কোন সময়ে VPN সার্ভিসের জন্য আনুষাঙ্গিক রেইট/চার্জ পরিবর্তন করিতে পারিবেন এবং গ্রাহক এই ধার্য্যকতৃ বা পরিবর্তিত চার্জ/রেইট মানিয়া লইতে বাধ্য থাকিবেন।

৪। কোম্পানীর দায়-দায়িত্ব(Liability) ঃ

৪.১ চুক্তি স্বাক্ষর এবং দাবীকতৃ সংযোগ / সামগ্রীক সংযোগ ফি গ্রাহক কর্তৃক পরিশোধের পর কোম্পানিকে ১৫ (পনের) দিনের মধ্যে অথবা উভয় পক্ষের সম্মতিক্রমে যতশীঘ্র সম্ভব VPN সংযোগ স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করিবে। অনিবার্য কারনবশতঃ এই সময়সীমা অতিক্রান্ত হইলে কোম্পানিকে কোনক্রমেই দায়ী করা যাইবে না।

৪.২ প্রদত্ত VPN সংযোগের সুবিধা গ্রাহককে সুষ্ঠভাবে প্রদানের জন্য কোম্পানি যথাসাধ্য চেষ্টা করিবে।

৪.৩ কোম্পানি গ্রাহককে প্রদত্ত সার্ভিসের জন্য নির্ধারিত ট্যারিফ রেট অনুযায়ী পিরিওডিক বিল যথাসময়ে সরবরাহ করার যথাসাধ্য চেষ্টা করিবে।

৫। কোম্পানীর Non-Liability এবং অধিকার

৫.১ রক্ষণাবেক্ষণের স্বার্থে VPN সংযোগটি সাময়িকভাবে বন্ধ করার অধিকার কোম্পানি সংরক্ষণ করে এবং সেক্ষেত্রে যে কোন ক্ষতির জন্য কোম্পানি দায়ী করা যাইবে না।

৫.২ কোন কারণে সংযোগ অচল, বিঘ্নিত বা বন্ধ হইলে অথবা কোম্পানি কর্তৃক বন্ধ করা হইলে যদি গ্রাহকের কোন প্রকার ক্ষয়ক্ষতি হয় তবে তাহার জন্য কোম্পানি দায়ী থাকিবে না এবং সংযোগ পুনরায় চালুকরিতে বিলম্বের দরুন সৃষ্ট ক্ষতি বা অসুবিধার জন্যও কোম্পানি দায়ী থাকিবে না।

৫.৩ যে কোন প্রকার দুর্বিপাক যেমন-ঝড়, টর্নেডো ইত্যাদি প্রাকতিক্ দুর্যোগ অথবা এমন কোন অবস্থা যাহার উপর কোম্পানির নিয়ন্ত্রনে নাই সেই সকল অবস্থার দ্বারা প্রদত্ত সংযোগ ক্ষতিগ্রস্থ হইলে তাহার জন্য যে কোন প্রকার ক্ষতিপুরণ, রিফান্ড ইত্যাদি কোম্পানির নিকট দাবী করা যাইবে না।

৫.৪ সরকারী আদেশে বা জাতীয় স্বার্থে অথবা জননিরাপত্তার কারনে কোম্পানি কোন নোটিশ ছাড়াই VPN সংযোগ সাময়িক কিংবা চুড়ান্তভাবে বন্ধ করিবার অধিকার সংরক্ষণ করে।

৫.৫ কোম্পানি কর্তৃক ইস্যুকতৃ পিরিওডিক বিল পরিশোধের সর্বশেষ তারিখ এক মাস অতিক্রান্ত হইলে কোম্পানি কোন নোটিশ ছাড়াই প্রদত্ত VPN সংযোগ বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে এবং কোম্পানি স্বার্থ অক্ষুন্ন রাখিয়া চুক্তি বাতিল করিতে পারিবে। তবে দৈব-দুর্বিপাকের কারণে, যেমনঃ ঝড়-ভুমিকম্প, টর্নোডো ইত্যাদি প্রাকৃতিক দুর্যোগ অথবা এমন কোন অবস্থা যাহার উপর কোম্পানি ও গ্রাহকের কাহারো কোন নিয়ন্ত্রণ নাই, VPN সংযোগ ক্ষতিগ্রস্থ হইলে গ্রাহক দুইমাস পর্যন্ত বিল অপরিশোধিত রাখিতে পারিবেন। কিন্তু দুই মাসের অধিক অপরিশোধিত রাখিলে কোম্পানি কোন নোটিশ ছাড়াই VPN সংযোগ বিচ্ছিন্ন করার অধিকার সংরক্ষণ করে।

৫.৬ যদি বিল পরিশোধের ব্যর্থতার দারুন গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন করা হয়, তবে কোম্পানি কর্তৃক নির্ধারিত হার ও বিধান অনুযায়ী গ্রাহক প্রাপ্ত অর্থ পরিশোধ করিলে সংযোগ পুনঃপ্রতিষ্ঠা করা হইবে। এই ক্ষেত্রে বিচ্ছিন সময়কালের সংযোগের ভাড়াও গ্রাহককে পরিশোধ করিতে হইবে। যদি উক্ত রুপ বিচ্ছিন্নকরণের তারিখ হইতে ৫৯ (উনষাট) দিনের মধ্যে গ্রাহক প্রদেয় অর্থ পরিশোধ না করেন, তাহা হইলে কোম্পানি সংযোগ স্থায়ী ভাবে বন্ধ/বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে এবং গ্রাহকের বকেয়া বিল অনাদায়ের কারনে তাহার অন্যান্য টেলিসংযোগ ৭(সাত) দিনের নোটিশ প্রদান করিয়া বিচ্ছিন্ন করার ক্ষমতা কোম্পানি সংরক্ষণ করে।

৫.৭ এই চুক্তির কোন অনুচ্ছেদের লংঘনের ক্ষেত্রে কোম্পানি প্রদত্ত VPN সংযোগ বন্ধ করিবার অধিকার সংরক্ষণ করে।

৫.৮ কোম্পানি প্রয়োজন অথবা যুক্তিযুক্ত মনে করিলে যে কোন সময়ে ডাক/ই-যোগাযগে লিখিত নোটিশ প্রদান করিয়া ১৫ (পনের) দিন অতিবাহিত হওয়ার পর সার্ভিস বিচ্ছিন্ন করিবার অধিকার সংরক্ষণ করে। এই ক্ষেত্রে নোটিশ জারী চূড়ান্ত প্রমাণ বলিয়া বিবেচিত হইবে।

৫.৯ গ্রাহক পূর্বে সংযোগ বা কোম্পানি প্রাপ্য দায়-দেনা সম্পর্কে তথ্য গোপন করিয়া আবেদনপত্র জমা দিলে কোম্পানি এই বিষয়ে নিশ্চিত হইয়া উক্ত আবেদনপত্র তাৎক্ষণিকভারে বাতিল করিয়া দিবে অথবা সংযোগ প্রদান করা হইয়া থাকিলে উক্ত সংযোগ তাৎক্ষণিকভাবে বিচ্ছিন্ন করিয়া দিতে পারিবে।

৫.১০ এই চুক্তির যে কোন অনুচ্ছেদের পরিবর্ধন বা সংশোধন করার ক্ষমতা কোম্পানি সংরক্ষণ করে এবং গ্রাহক এই সকল পরিবর্তন বা সংশোধন মানিয়া চলিতে বাধ্য থাকিবে ।

দ্বিতীয় পক্ষের স্বাক্ষর*

গ্রাহক/প্রতিষ্ঠানের নাম ঃ

স্থায়ী/রেজিস্টার্ড ঠিকানা ঃ

সীলমোহর (প্রযোজ্য ক্ষেত্রে)

* আবেদন পত্রের স্বাক্ষরের অনুরুপ

প্রথম পক্ষের স্বাক্ষর

বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটিড-এর পক্ষে,

সীলমোহর